

স্মারক নং : বশেমুরকৃবি/প্রশা:/ব্য:-৪৯৮/০৮/ ২৬০

তারিখ- ২৩/০১/২০২০


প্রেরক : রেজিস্ট্রার  
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়  
গাজীপুর-১৭০৬।  
প্রাপক : ড. শাহ মোহাম্মদ নঈমুল ইসলাম  
সহযোগী অধ্যাপক  
আইভিজিই, বশেমুরকৃবি, গাজীপুর-১৭০৬।  
মোবাইল: ০১৭১৭-৭১৯৭৩৫  
ই-মেইল: naimul@bsmrau.edu.bd

বিষয় : শিক্ষা ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনার ১২/০১/২০২০ তারিখের আবেদনের প্রেক্ষিতে আপনাকে Queensland University of Technology (QUT)-এর অর্থায়নে The School of Biology and Environment, Science and Engineering Faculty, Queensland University of Technology (QUT), Brisbane, Australia-তে Visiting Fellow হিসেবে Post-doctoral গবেষণা করার জন্য ২৭/০১/২০২০ হইতে ২৬/০৭/২০২০ তারিখ পর্যন্ত মোট ০৬ (ছয়) মাসের জন্য শিক্ষা ছুটি মঞ্জুর করত: নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আপনাকে অস্ট্রেলিয়া গমন ও তথায় অস্থানের অনুমতি প্রদান করা হইল। ভবিষ্যতে সরকার/বশেমুরকৃবি কর্তৃক শিক্ষা ছুটি সংক্রান্ত নতুন কোন সংশোধন/পরিবর্তন/পরিমার্জন আদেশ জারী করা হইলে উহা আপনার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

শর্তাবলী :

১. আপনার Post-doctoral গবেষণার বিষয় বর্ণিত প্রতিষ্ঠান/দেশ পরিবর্তন করিতে পারিবেন না।
২. এতদসংক্রান্ত যাবতীয় ব্যয়ভার Queensland University of Technology (QUT) কর্তৃক বহন করা হইবে। ইহাতে বাংলাদেশ সরকার/ বশেমুরকৃবি'র কোন আর্থিক সংশ্লেষ থাকিবে না।
৩. আপনি প্রচলিত অন্যান্য নিয়মাবলী অবশ্যই মানিয়া চলিবেন।
৪. শিক্ষা ছুটি শেষে আপনি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রেজিস্ট্রার, বশেমুরকৃবি বরাবর যোগদানপত্র দাখিল করিবেন। তৎসহ আপনার প্রকাশনাসমূহের এক কপি বশেমুরকৃবি গ্রন্থাগার ও এক কপি রেজিস্ট্রার দপ্তরে সংরক্ষণের জন্য জমা দিবেন।
৫. শিক্ষা ছুটি চলাকালে আপনি যদি পোস্ট ডক্টরাল গবেষণালব্ধ ডাটা ব্যবহার করিয়া কোন পাবলিকেশন করেন, সেইক্ষেত্রে অথর (Author)-এর ঠিকানা হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়-এর নাম অবশ্যই উল্লেখ থাকিতে হইবে। উল্লেখ না থাকিলে উক্ত পাবলিকেশন পরবর্তী পদোন্নতি/পর্যায়োন্নয়ন-এর ক্ষেত্রে গ্রহণযোগ্য হইবে না।
৬. ডিগ্রি সমাপ্তিতে প্রদত্ত বন্ড অনুযায়ী আপনি এই বিশ্ববিদ্যালয়ে ৩ বছর এবং পূর্বে প্রদত্ত ভন্ড অনুযায়ী ৬ বছর সহ সর্বমোট ৯ বছর চাকুরি করিতে বাধ্য থাকিবেন। আপনি বিশ্ববিদ্যালয়ে যোগদান/দেশে প্রত্যাবর্তন না করিলে, স্বেচ্ছায় ইস্তফা দিলে/অবসরে যাওয়ার আবেদন করিলে বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ছুটিকালীন আপনার আহরিত বেতন ও ভাতাদি ১০% সুদসহ ফেরত দিতে বাধ্য থাকিবেন। উপরন্তু শিক্ষা ছুটিকালীন আপনার পেনশনযোগ্য চাকুরীকাল বলিয়া বিবেচিত হইবে না।



(মো. সিরাজুল ইসলাম তালুকদার)

রেজিস্ট্রার

ফোন-৯২০৫৩২৩


ই-মেইল: registrar@bsmrau.edu.bd

স্মারক নং : বশেমুরকৃবি/প্রশা:/ব্য:-৪৯৮/০৮/২৬০

তারিখ- ২৬/০১/২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

১. সচিব, শিক্ষা/স্বরাষ্ট্র/পররাষ্ট্র/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ট্রেজারার, বশেমুরকৃবি।
৩. ডীন (গ্র্যাজুয়েট স্টাডিজ/কৃষি/ফিশারিজ/ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স/কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন) অনুযয়, বশেমুরকৃবি।
৪. মহা-পরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. নিয়ন্ত্রক (বৈদেশিক মুদ্রা), বৈদেশিক মুদ্রা বিনিময় বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৬. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৭. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৮. পরিচালক, আইভিজিই, বশেমুরকৃবি।
৯. উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর দপ্তর, বশেমুরকৃবি।
১০. উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বশেমুরকৃবি।
১১. কম্পিউটার প্রোগ্রামার, বশেমুরকৃবি- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১২. সংশ্লিষ্ট নথিসমূহ/ ব্যক্তিগত নথি।

  
২৩-১-২০২০  
(নাসের সাঈদ চৌধুরী)  
উপ-রেজিস্ট্রার